

আহসান মঞ্জিল জাদুঘর
নওয়াব বাড়ি, ঢাকা-১১০০।


আহসান মঞ্জিল জাদুঘরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত গঠিত পরিবীক্ষণ
কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখ : ১০.০৮.২০২২ খ্রিষ্টাব্দ
সভার সময় : বিকাল ৩:০০ ঘটিকা

আহসান মঞ্জিল জাদুঘরের ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির এক সভা ডিসপ্রে অফিসার জনাব মো. মোস্তফা কামাল এর সভাপতিত্বে ১০.০৮.২০২২ তারিখ বুধবার বিকাল ৩:০০ ঘটিকায় আহসান মঞ্জিল জাদুঘরের লাইব্রেরী কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে আলোকপাত করেন। সভায় সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতঃপর উপ-কীপার আহসান মঞ্জিল জাদুঘর-কে সভায় অংশগ্রহণের অনুরোধ জানানো হয়। তিনি অংশগ্রহণ করলে তাঁর সাথে সার্বিক বিষয়ে কমিটি আলোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করে:

- ১। বর্তমানে কোভিড-১৯ এর কারণে জাদুঘরে টিকেট কেবল অনলাইনে বিক্রি হচ্ছে। অনলাইনের বিষয়টি বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়েছে। অফলাইনে টিকেট বিক্রয়ের বিষয়টি আলোচনাধীন রয়েছে। বিক্রয় পদ্ধতি (অনলাইন/অফলাইন) পরিবর্তন হলে তা দর্শকগণকে জানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২। সেবা প্রদান প্রতিশ্রুতিতে (সিটিজেন চার্টার) ক্রমিক নম্বর ১ ও ৮ (নাগরিক সেবা) - তে নতুন যোগদানকৃত হিসাব সহকারী-কাম-কম্পিউটার মুদ্রা: জনাব রাসেল মিয়া ক্রমিক নম্বর ১২ (নাগরিক সেবা) ও ১২ (অভ্যন্তরীণ সেবা)-তে নিরাপত্তা পরিদর্শক জনাব মো. হাসিবুল হোসেন ক্রমিক নম্বর ৯ (নাগরিক সেবা)-তে ইলেকট্রিশিয়ান সহকারী জনাব মো. জাকির হোসাইন এবং ক্রমিক নম্বর ৪ (প্রাতিষ্ঠানিক সেবা) ও ১৫ (অভ্যন্তরীণ সেবা)-তে সংরক্ষণ সহকারী জনাব মো: মোস্তাফিজুর রহমানের নাম সংযোজন করতে হবে।
- ৩। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি আহসান মঞ্জিল জাদুঘরের ওয়েবসাইটে হালনাগাদ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) আপলোডের ব্যবস্থা গ্রহণ করবে।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১০.০৮.২০২২

মো: মোস্তফা কামাল

ডিসপ্রে অফিসার ও আহবায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
আহসান মঞ্জিল জাদুঘর

বিতরণ : সদয় অবগতি ও কার্যার্থে।

১. উপ-কীপার, আহসান মঞ্জিল জাদুঘর।
২. জনাব আ. মোবিন, সহকারী রেজিস্ট্রেশন অফিসার (চ:দা:), আহসান মঞ্জিল জাদুঘর।
৩. জনাব মো. হাসিবুল হোসেন, নিরা:পরিদর্শক, আহসান মঞ্জিল জাদুঘর।
৪. জনাব রাসেল মিয়া, হিসাব সহকারী-কাম-কম্পি:মুদ্রা: আহসান মঞ্জিল জাদুঘর।
৫. সংশ্লিষ্ট নথি।